# বাংলাদেশ ইন্‌স্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন, বগুড়া।

## বার্ষিক প্রতিবেদন
(২০১৭-২০১৮)

**প্রতিষ্ঠার তারিখ** ঃ ৬ ভাদ্র ১৪১০ বঙ্গাব্দ / ২১ আগস্ট ২০০৩ খ্রিঃ)

বিয়াম ফাউন্ডেশন, বগুড়া বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এর আওতাধীন উত্তরবঙ্গে প্রতিষ্ঠিত একটি আঞ্চলিক কেন্দ্র। মূলত: বিয়াম ফাউন্ডেশন ঢাকা এর অনুরূপ লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে এ প্রতিষ্ঠানের যাত্রা শুরু। ২০০৩ খ্রিঃ প্রতিষ্ঠিত এ প্রতিষ্ঠানটি সরকারি কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানে এক অনন্য আসন অলংকৃত করেছে। নিরিবিলি পরিবেশে বিশাল আয়তনের এ প্রতিষ্ঠানটি প্রশিক্ষণার্থী এবং প্রশিক্ষকদের একটি প্রাণপ্রিয় প্রতিষ্ঠানের রূপ পরিগ্রহ লাভ করেছে।

**পরিচিতি**

বিয়াম ফাউন্ডেশন, বগুড়া এর নিজস্ব ক্যাম্পাসে দু'টি প্রতিষ্ঠান রয়েছে। এর একটি হ'ল বিয়াম ফাউন্ডেশন এবং অপরটি বিয়াম ল্যাবরেটরী স্কুল ও কলেজ। এছাড়াও এ প্রতিষ্ঠানের ক্যাম্পাস সংলগ্ন অপর প্রতিষ্ঠানটি হল বিয়াম মডেল স্কুল ও কলেজ। এ তিনটি প্রতিষ্ঠান সংযুক্ত ক্যাম্পাসের আয়তন যেমন বৃহৎ আবার সার্বক্ষণিক তা ছাত্র-ছাত্রী, কর্মকর্তা-কর্মচারীর পদচারনায় থাকে মুখরিত। বিয়াম ফাউন্ডেশনের মূল অবকাঠামো চারটি- প্রশাসনিক ভবন, ডরমেটরী, অফিসার্স কোয়ার্টার ও কর্মচারী কোয়ার্টার।




অফিস ভবন

**প্রশাসনিক ভবন :** প্রশাসনিক ভবনে পরিচালকের অফিসসহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারীর অফিস কক্ষ রয়েছে। এছাড়াও এখানে রয়েছে প্রায় ৩০০ আসন বিশিষ্ট নিজস্ব সাউন্ড সিস্টেম এবং শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম, ৩০০ আসন বিশিষ্ট শীতাতপ নিয়ন্ত্রিত মাল্টিপারপাস রুম, ৪০ আসন বিশিষ্ট শীতাপত নিয়ন্ত্রিত কম্পিউটার ল্যাব ও ৪০ আসন বিশিষ্ট মাল্টিমিডিয়া প্রজেক্টরসহ শীতাপত নিয়ন্ত্রিত দু'টি আধুনিক ক্লাসরুম। এর নীচ তলায় রয়েছে ৬০ আসন বিশিষ্ট ও ৪০ আসন বিশিষ্ট দুটি আধুনিক ক্যান্টিন এবং একটি শীতাপত নিয়ন্ত্রিত জিমনেশিয়াম। প্রশাসনিক ভবন সংলগ্ন দু'টি কিচেন (১টি খড়ি ও ১টি গ্যাস যুক্ত) রুম রয়েছে। প্রশাসনিক ভবনে পর্যাপ্ত টয়লেটিং সুবিধা রয়েছে। বিয়ামের কার্যক্রম প্রদর্শনে রয়েছে ৫৫" মাপের ডিজিটাল ডিসপ্লে বোর্ড।

**আবাসন:** বিয়াম ফাউন্ডেশনের প্রশিক্ষণার্থীদের জন্যে এবং আগত অতিথিদের জন্যে রয়েছে একটি আধুনিক পরিচ্ছন্ন ডরমেটরী। এতে রয়েছে ৩টি ভি,আই,পি রুম এবং ৭০ আসন বিশিষ্ট ৩৫টি সেমি ভি,আই,পি রুম। এছাড়াও রয়েছে ১টি লেডিস কর্ণার। যা ১২ আসন বিশিষ্ট ৫টি সেমি ভি,আই,পি রুম। সকল কক্ষ শীতাতপ নিয়ন্ত্রিত। বিনোদনের জন্য রয়েছে ভিভি রুম এবং ধর্মীয় ইবাদতের জন্য রয়েছে নামাজের কক্ষ।

বিয়াম ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারীদের আবাসনের জন্যে রয়েছে একটি কর্মকর্তা কোয়ার্টার ও একটি কর্মচারী কোয়ার্টার। প্রতিটি কোয়ার্টারে ৬টি করে পরিবার বসবাস করতে পারে।



ডরমেটরী ভবন

**বিদ্যুৎ ব্যবস্থাপনা:** আধুনিক, মানসম্মত ও নিরাপদ প্রতিষ্ঠান নিশ্চিতকল্পে বিয়াম ফাউন্ডেশনের দুটি (৫০০ কেভি + ২০ কেভি) নিজস্ব জেনারেটর (সার্ভার স্টেশনসহ) রয়েছে যা অটোমেটিক সিস্টেমে পরিচালিত। এতে সমগ্র ক্যাম্পাসে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা সম্ভব হচ্ছে। এছাড়া সমগ্র ক্যাম্পাস সার্বক্ষণিক সিসি ক্যামেরার পর্যবেক্ষণে রয়েছে। উচ্চ গতির ইন্টারনেট ও সার্বক্ষণিক সিসি ক্যামেরা সংযুক্ত পূর্বক অনলাইন স্ট্রিমিং নিশ্চিত কল্পে রয়েছে ২৫০০ ভিএ ক্ষমতা সম্পন্ন আইপিএস। সমগ্র ক্যাম্পাসের নিরাপত্তা লাইট, ক্লাস রুম, ভি,আই,পি রুম, ক্যান্টিনসহ গুরুত্বপূর্ণ কক্ষসমূহ আইপিএস এর আওতাভূক্ত। জেনারেটরের পাশাপাশি আইপিএস প্রতিষ্ঠানের আধুনিকায়নকে একধাপ এগিয়ে নিয়েছে।

## কার্যক্রম



ক্লাস রুম



কম্পিউটার ল্যাব

বিয়াম ফাউন্ডেশন, বগুড়ায় স্বাস্থ্য অধিদপ্তরাধীন বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, শিক্ষা মন্ত্রণালয়ের অধিনে সরকারী/বেসরকারী স্কুল কলেজ, মাদ্রাসা শিক্ষকদের কম্পিউটার প্রশিক্ষণ কোর্স এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ১ম শ্রেণী কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স পরিচালিত হয়। ২০১৭-২০১৮ অর্থ বছরে এ কার্যালয়ে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে ৫টি ব্যাচে সর্বমোট ১৫২ জন চিকিৎসকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ১ম শ্রেণী কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে ১টি ব্যাচে ৪০জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

এছাড়াও এখানে অত্যন্ত মনোরম ও নিরাপদ পরিবেশে শীতাতপ নিয়ন্ত্রিত অত্যাধনিক সুযোগ-সুবিধা সংবলিত  হলরুমের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ, সভা সেমিনার, কর্মশালা, পূর্ণমিলনী, বিতর্ক প্রতিযোগিতা, সিম্পোজিয়াম ও রুচিসম্মত সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের পাশাপাশি জন্মদিন, বিবাহ অনুষ্ঠান ইত্যাদি আয়োজনেরও সু-ব্যবস্থা রয়েছে। আরও আছে অভিজ্ঞ বাবুর্চির তৈরী সুস্বাদু খাবার প্যাকেজ ও মানসম্মত সার্ভিসের নিশ্চয়তা। শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে একসঙ্গে ২৮০ জন বসে খাবার সু-ব্যবস্থা।



অডিটোরিয়াম হল



মাল্টিপাপাস হল

বিয়াম হোস্টেলে সরকারি কর্মকর্তা-কর্মচারী, দেশি-বিদেশি অতিথি যারা বগুড়ায় নিরাপদে থাকতে চান এমন সব পেশাজীবিদের থাকার সু-ব্যবস্থাও এখানে রয়েছে (শর্ত প্রযোজ্য)। বিয়াম হোস্টেলে অবস্থানকারী অতিথিদের জন্য রয়েছে স্বাস্থ্যসম্মতাবে তৈরীকৃত সু-স্বাদু আহারের ব্যবস্থা।

বিয়াম ফাউন্ডেশন সংলগ্ন (ক) বিয়াম ল্যাবরেটরী স্কুল ও কলেজ, বগুড়া (ইংলিশ ভার্সন) এবং (২) বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া প্রতিষ্ঠান দু'টিতে প্রায় ৬,০০০ (ছয় হাজার) ছাত্র-ছাত্রী অধ্যয়ন করছে। শিক্ষার্থীদের জ্ঞান অর্জন এবং তা বাস্তব প্রয়োগের ক্ষেত্রে সহায়তা প্রদানই এ প্রতিষ্ঠানের মূল লক্ষ্য। ''শিক্ষাই জাতির উন্নতি; অগ্রগতি ও বিকাশের একমাত্র মাধ্যম'-একথা স্মরণে রেখে এ প্রতিষ্ঠানের শুভযাত্রা। প্রচলিত শিক্ষার গতানুগতিক ধারা থেকে বেরিয়ে এসে শিক্ষার্থীদেরকে আধুনিক, বিজ্ঞানসম্মত ও যুগোপযোগী শিক্ষাদানের মাধ্যমে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় বর্তমান প্রজন্মকে সত্যিকারের মানুষ হিসেবে গড়ে তোলার সুপ্রাচীন ঐতিহ্যমন্ডিত পুন্ড্রনগরী ও আধনিক শিল্প কেন্দ্র বগুড়ার প্রাণকেন্দ্রে এ প্রতিষ্ঠানটি স্থাপিত হয়েছে।

**লক্ষ্য ও উদ্দেশ্য**

বিয়াম ফাউন্ডেশনের মূল লক্ষ্য ও উদ্দেশ্য ''সরকারী কর্মকর্তাদের মান সম্মত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে উন্নত জাতি গঠনে ভূমিকা রাখা''।

**প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য**

ক) বিসিএস (প্রশাসন) ক্যাডার কর্তৃক পরিচালিত;
খ) নিরিবিলি, নিরাপদ ও মনোরম পরিবেশ;
গ) আধুনিক প্রযুক্তি নির্ভর ও দক্ষ ব্যবস্থাপনা;
ঘ) সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যবস্থা (জেনারেটর ও আইপিএস এর মাধ্যমে);
ঙ) প্রয়োজনীয় সকল ধরনের নিজস্ব অবকাঠামো ও লজিস্টিক সাপোর্ট;
চ) এখানে রয়েছে বঙ্গবন্ধু কর্ণার, আমার বাংলাদেশ কর্ণার ও ডিজি চত্বর,
ছ) ঝামেলামুক্ত ও স্বল্প ব্যয় সম্পন্ন ;
জ) আধুনিক কোর্স ব্যবস্থাপনা এবং ইংরেজীতে গুরুত্বরোপসহ বাস্তব সম্মত কোর্স মডিউল ও দক্ষ প্রশিক্ষক ;
ঝ) সার্বক্ষণিক অনলাইন স্ট্রিমিং সুবিধা সম্পন্ন সিসি ক্যামেরা;
ঞ) সমগ্র ক্যাম্পাস Wifi Hotspot সুবিধা
ট) ক্যাম্পাস এ রয়েছে বজ্রপাত নিরোধক ব্যবস্থা ও
ঠ) ধুমপানমুক্ত ক্যাম্পাস।